

তারিখ ... 24 SEP 2012 ...
 পৃষ্ঠা ... ০৫ ...

চারিভর্তি পরীক্ষায় প্রতি আসনে লড়বে ৩৭ জন শিক্ষার্থী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে প্রতিযোগিতা করবে ৩৭ জন শিক্ষার্থী। এ বছর ৫টি ইউনিটে ৬ হাজার



৩৩৯টি আসনের অধীনে ভর্তি পরীক্ষার জন্য ২ লাখ ৩৬ হাজার ৪৩৬ জন আবেদন করেছে। গত বছর এর সংখ্যা ছিল ২ লাখ ১১ হাজার ১৭৬ জন। শনিবার রাত ১২টায় অনলাইনে ভর্তি আবেদন কার্যক্রমের শেষ দিন এক সংবাদ সম্মেলনে এতদূখা জানান বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. আ. ম. স. আরেফিন সিদ্দিক।

সংবাদ সম্মেলনে অধ্যাপক ড. আরেফিন সিদ্দিক বলেন, আমরাই প্রথম বাংলাদেশে অনলাইনে ভর্তি কার্যক্রম শুরু করেছি। এ বছর বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে আমরাই এই

কাজ করেছি। কোনো ধরনের সমস্যা ছাড়াই এ বছর ভর্তির আবেদন প্রক্রিয়া সম্পন্ন করেছি। এর মাধ্যমে বাংলাদেশের তথ্য-প্রযুক্তির সঙ্গে মানিয়ে নিয়েছে।

তিনি আরো বলেন, এ বছর 'ক' ইউনিটের অধীনে ১ হাজার ৫৯৩টি আসনের বিপরীতে ৬৫ হাজার ৫২০ জন আবেদন করেছে। এছাড়া 'ব' ইউনিটের অধীনে ২ হাজার ২৯০টি আসনের বিপরীতে ৪০ হাজার ৮৫৭ জন, 'গ' ইউনিটের অধীনে ১ হাজার ৭৫টি আসনের বিপরীতে ৪৭ হাজার ৬১৫ জন, 'ঘ' ইউনিটের অধীনে ১ হাজার ২৬২টি আসনের বিপরীতে ৭৮ হাজার ০২০ জন এবং 'চ' ইউনিটের অধীনে ১১৯টি আসনের বিপরীতে ৪ হাজার ১২১ জন শিক্ষার্থী আবেদন করা হয়েছে।

এ বছর সবচেয়ে বেশি 'ঘ' ইউনিটে প্রতিযোগিতা হচ্ছে। যেখানে প্রতিটি আসনের জন্য মোট ৬০ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে।

পূর্বনির্ধারিত সময় অনুযায়ী এ বছর 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা ১০ অক্টোবর, 'ব' ইউনিটের ১৯ অক্টোবর, 'গ' ইউনিটের ২০ নভেম্বর, 'ঘ' ইউনিটের ০৯ নভেম্বর ও 'চ' ইউনিটের ১৬ নভেম্বর অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস মোবাইল ফোনে সূদে বাতর্গর মাধ্যমে জানা যাবে। আবেদন প্রক্রিয়াক্রমে যেকোনো সমস্যা আণ্যমী ২৫ সেপ্টেম্বরের মধ্যে সমাধানের সুযোগ রয়েছে।